




বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড
দরিদ্র মহিলাদের জন্য সমন্বিত পল্লী কর্মসংস্থান সহায়তা প্রকল্প (সংশোধিত)
পল্লী ভবন (৭ম তলা)
৫, কাওরানবাজার, ঢাকা-১২১৫।
www.iresppw-brdb.gov.bd/Fax- 8189029

স্মারক নং: ৪৭.৬২.০০০০.৯৬১.০০.৪০৪.১২-২১৩৩

তারিখ: ১৬/৯/২০১৪ খি:

বিষয়: প্রকল্পের সহকারী পল্লী উন্নয়ন কর্মকর্তা ও হিসাব সহকারীদের নিজ উদ্যোগে কম্পিউটার বিষয়ে জ্ঞান অর্জন।

উর্পযুক্ত বিষয়ের আলোকে জানানো যাচ্ছে যে, বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড কর্তৃক বাস্তবায়নাধীন “দরিদ্র মহিলাদের জন্য সমন্বিত পল্লী কর্মসংস্থান সহায়তা প্রকল্প (সংশোধিত)” বর্তমান মাননীয় প্রধানমন্ত্রীর প্রতিশ্রুত একটি দারিদ্র বিমোচন ও পল্লী উন্নয়ন প্রকল্প। খুব শিঘ্রই প্রকল্পের কার্যক্রম কম্পিউটার সফটওয়্যারের মাধ্যমে অটোমেশন প্রক্রিয়ায় পরিচালনা করা হবে। তাই প্রকল্পের সহকারী পল্লী উন্নয়ন কর্মকর্তা ও হিসাব সহকারীদের কম্পিউটারের অতি প্রয়োজনীয় কিছু প্রোগ্রামের ব্যবহার জানা আবশ্যিক। ইতোমধ্যে প্রকল্পভূক্ত উপজেলায় প্রয়োজনীয় উপকরণ (কম্পিউটার, প্রিন্টার ও মডেম) সরবরাহ করা হয়েছে। উল্লেখিত কার্যক্রম বাস্তবায়নের স্বার্থে আগামী নভেম্বর/১৪ খ্রিস্টাব্দের মধ্যে নিজ উদ্যোগে কম্পিউটার বিষয়ে (এমএস ওয়ার্ড, এমএস এক্সেল, ই-মেইল ও ইন্টারনেট) জ্ঞান অর্জন করার জন্য প্রকল্পের সহকারী পল্লী উন্নয়ন কর্মকর্তা ও হিসাব সহকারীদের নির্দেশ প্রদান করা হলো। পরবর্তীতে কম্পিউটার সফটওয়্যারের মাধ্যমে অটোমেশন প্রক্রিয়ায় প্রকল্পের কার্যক্রম বাস্তবায়নের সময় কোন সহকারী পল্লী উন্নয়ন কর্মকর্তা অথবা হিসাব সহকারীর কম্পিউটার ব্যবহার বিষয়ে অদক্ষতা দেখা দিলে চাকুরী হতে অব্যাহতি প্রদানের মতো কঠোর ব্যবস্থা গ্রহণ করা হবে।


প্রকৌশলী মোহাম্মদ রাশেদুল আলম
প্রকল্প পরিচালক (ইরেসপো)
বিআরডিবি, ঢাকা।
ফোন নং-০২-৮১৮০১৪৪

অবগতি ও কার্যার্থে অনুলিপি প্রেরণ করা হলো :

১. উপপরিচালক, বিআরডিবি, জেলা দপ্তর-----।
২. উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা, বিআরডিবি, উপজেলাঃ-----জেলাঃ-----।
৩. সহকারী পল্লী উন্নয়ন কর্মকর্তা, ইরেসপো, বিআরডিবি, উপজেলাঃ-----জেলাঃ-----।
৪. হিসাব সহকারী, ইরেসপো, বিআরডিবি, উপজেলাঃ-----জেলাঃ-----।
৫. প্রোগ্রামার, ইরেসপো, বিআরডিবি, ঢাকা (পত্রটি প্রকল্পের ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)
৬. অফিস /মাষ্টার কপি।